# এস এস সি পরীক্ষা ২০১৭এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বাংলা প্রথম পত্র (সৃজনশীল) বিষয় কোড: ১০১

**সময় ঃ ২ ঘন্টা ১০ মি.** **পূর্ণমান- ৬০**

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উল্লেখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রন দূষণীয়।]*

১. ▶ মজুমদার সাহেব সড়ক দুর্ঘটনায় দুটি পা হারিয়েছেন। তাই জীবনের অনেক চাওয়াই তার অপূর্ণ থেকে যায়। তার ছেলে মাহি বাবাকে বলে, বাবা আমি বড় হয়ে আমাদের সব অভাব-অনটন দূর করব। আমাদের গাড়ি-বাড়ি সব হবে। উত্তরে মজুমদার সাহেব বলেন, আমি চাই তুমি বড় হয়ে তোমার অভাব অনটন মেটাবে আর সত্যিকার অর্থে ভালো মানুষ হওয়ার চেষ্টা করবে, প্রকৃত শিক্ষা যেন তোমাকে মনুষ্যত্বের সন্ধান দেয় এই দোয়া করি।

ক. মানব জীবনে মুক্তির জন্য মোতাহের হোসেন চৌধুরী কয়টি উপায়ের কথা বলেছেন? ১

খ. আত্মার অমৃত উপলব্ধি করা যায় না কেন? ২

গ. উদ্দীপকে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের প্রতিফলিত দিকটি ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রকৃত শিক্ষা আমাদের মনুষ্যত্বের সন্ধান দেয়— 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে মন্তব্যটির যথার্থতা প্রমাণ করো। ৪

২. ▶ বইয়ের পাতায় প্রদীপ জ্বলে
বইয়ের পাতা স্বপ্ন বলে।
যে বই জুড়ে সূর্য ওঠে
পাতায় পাতায় গোলাপ ফোটে
সে বই তুমি পড়বে।

ক. প্রথম চৌধুরীর ছদ্মনাম কী? ১

খ. প্রাবন্ধিক অন্তর্নিহিত শক্তি বলতে কী বুঝিয়েছেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকটি বইপড়া প্রবন্ধের যে দিকটি আলোকপাত করেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো উদ্দীপকটি বইপড়া প্রবন্ধের যথার্থ প্রতিচ্ছবি? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৩. ▶ স্বাধীনতা যুদ্ধে পাকবাহিনীর বিরুদ্ধে লড়েছিল বাংলার সর্বস্তরের মানুষ। তবে এক্ষেত্রে নারীদের কথা বিশেষভাবে স্মরণীয়। তাঁদের ত্যাগ ও আত্মদানের ইতিহাস এত বিস্মৃত যে ভাবলেই গা শিউরে ওঠে। গত ১৬ই ডিসেম্বর নাসিরউদ্দীন ইউসুফ বাচ্চু পরিচালিত গেরিলা সিনেমাটি দেখে তা আরও জীবন্ত হলো। বাঙালি নারীর হাতে গ্রেনেড তাও আবার পাকিস্তানি পশুদের সামনে। নিজের সম্ভ্রম বাঁচাতে এ পথ অবলম্বন-এক সময় বিস্ফোরিত হয় গ্রেনেডটি, ঠিক যেন বাঙালির বজ্র কণ্ঠের ন্যায়।

ক. 'গোয়েবল্‌স কে? ১

খ. নির্লজ্জ মিথ্যা ভাষণে ভরা বিবৃতি বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকটি 'একাত্তরের দিনগুলি' রচনার কোন বিষয়টির সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'উদ্দীপকের ভাব একাত্তরের দিনগুলি রচনার সমগ্র ভাবের ধারক' মন্তব্যটির সত্যতা যাচাই করো। ৪

Teachingbd.com

৪. ▶ আমায় নহে গো ভালোবাস শুধু ভালোবাস মোর গান
বনের পাখিরে কে চিনে রাখে গান হলে অবসান।
চাঁদের কে চায় জোছনা সবাই যাচে
গীত শেষে বীণা পড়ে থাকে ধূলি মাঝে। (নজরুল গীতি)

ক. বনফুল কাব্য কবির কত বছর বয়সে প্রকাশিত হয়? ১
খ. হাসি মুখে নিয়ো ফুল তার পরে হায়
ফেলে দিয়ো ফুল যদি সে ফুল শুকায়— ব্যাখ্যা করো। ২
গ. কাজী নজরুল ইসলামের আকাঙ্ক্ষার সাথে রবীন্দ্রনাথ ঠাকুরের আকাঙ্ক্ষার তুলনা করো। ৩
ঘ. উদ্দীপকটি 'প্রাণ' কবিতার সমগ্র ভাব ধারণ করতে পারেনি— প্রমাণ করো। ৪

৫. ▶ রণাঙ্গন থেকে জনৈক মুক্তিযোদ্ধার লেখা চিঠি:

মাগো,

শফিককে ওরা ধরে নিয়ে যায়। মুক্তিযোদ্ধাদের ঘাঁটির সন্ধান জানার জন্য বেয়নেট দিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে কী অমানবিক অত্যাচারই না করল, মা। ওরা একে একে রফিকের চোখ দুটো উপড়ে ফেলে হাত দুটো কেটে নেয়। সবশেষে বুকটা বুলেটের আঘাতে ঝাঁঝরা করে দেয়। আর সহ্য হয় না মা, এর প্রতিশোধ নিতেই হবে।

ইতি,

তোমার খোকা।

ক. শামসুর রাহমানের পৈতৃক নিবাস কোথায়? ১
খ. 'একটি নতুন পৃথিবীর জন্ম হতে চলেছে' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে হানাদার বাহিনীর নির্মম অত্যাচার ঘটনাটি 'তোমাকে পাওয়ার জন্যে হে স্বাধীনতা' কবিতার কোন দিকটিকে ইঙ্গিত করে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. আর সহ্য হয় না মা, এর প্রতিশোধ নিতেই হবে- তোমাকে পাওয়ার জন্যে হে স্বাধীনতা কবিতার আলোকে খোকার উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

৬. ▶ মা তুই যাসনে আর এ বদ্যি বাড়ি
একলা ঘরে তোর সাথে আজ বাঁধব আড়ি।
চুপ করে থাক লক্ষ্মী খোকা এইতো আমি
যাবো আসবো বদ্যিমশায় অনেক দামি।
তুই ছাড়া মোর ভুবন খানা শ্মশান কালো
সুস্থ হয়ে করবি আমার কোল যে আলো,
ঠিক আছে মা, আনগে ওষুধ এই বেলা।
কালকে আবার পাড়ার মাঠে সেই খেলা।

ক. মা কার কাছে ছেলে সুস্থতা কামনা করেন? ১
খ. হুতুম পাখির ডাককে অকল্যাণকর মনে করা হয় কেন? ২
গ. উদ্দীপকের খোকার সাথে পল্লিজননী কবিতার কোন চরিত্রের মিল আছে? বর্ণনা করো। ৩
ঘ. 'উদ্দীপকের ও পল্লিজননী কবিতায় সন্তানের প্রতি মায়ের ভালোবাসা সমানভাবে প্রকাশ পেয়েছে' উক্তিটি বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

৭. ▶ শাহেদ একটি ছেলের নাম। মুভিতে শাহেদ একটি দুঃসাহসী বালক। অভিযানে এসে একজন মুক্তিযোদ্ধা পাকসেনাদের হাতে বন্দি হয়। শাহেদ তার বন্ধুদের নিয়ে কড়া পাহারা থাকা সত্ত্বেও জীবনের ঝুঁকি নিয়ে মুক্তিযোদ্ধাকে উদ্ধার করে। তার সাহস এবং বুদ্ধি দেখে মুক্তিযোদ্ধা এবং তার বন্ধুরা অবাক হয়। কিন্তু মুভির শেষের দিকে এক রাজাকারের গুলিতে শাহেদ শহিদ হয়।


ক. আহাদ মুন্সির সঙ্গে কতজন রাজাকার ছিল? ১

খ. গাঁয়ের লোক কেন বলে বুধা জমে শক্ত হয়ে গেছে? ২

গ. উদ্দীপকের শাহেদের সাথে কাকতাড়ুয়া উপন্যাসের কোন চরিত্রের সাদৃশ্য পাওয়া যায়? বর্ণনা করো। ৩

ঘ. 'সাদৃশ্যপূর্ণ চরিত্রটির সাথে শাহেদের সামান্য মিল থাকলেও চরিত্র দুটির মধ্যে ব্যাপক পার্থক্য বিদ্যমান- মন্তব্যটি যাচাই করো। ৪

৮. ▶



ক. মেশিনগান কার নাম? ১

খ. আধাপোড়া বাজারটার দিকে তাকিয়ে ওর চোখ লাল হতে থাকে কেন? ২

গ. উদ্দীপকের সাথে তোমার পঠিত উপন্যাসের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো। ৩

ঘ. 'উদ্দীপকের ছবি কাকতাড়ুয়া উপন্যাসের সামান্য দিক— উক্তিটির সঙ্গে তোমার মতের বিশ্লেষণ দেখাও। ৪

৯. ▶ মজিদের বাবা নামকরা পীর ছিলেন। কিন্তু সাজিদ লেখাপড়া শিখেছেন। শহরে চাকরি করেন। দীর্ঘ দিন পর গ্রামে বেড়াতে আসেন গ্রামের মুরব্বি তার কাছে এসে সালাম করতে চায়। সাজিদ সাহেব নিজেই তাকে সালাম করেন। কিন্তু মুরব্বি এ ঘটনায় নিজেকে পাপী মনে করেন। আরেকজন তার কাছে পানি পড়া নিতে আসেন। তাকে আহমেদ সাহেব বোঝানোর চেষ্টা করেন।

ক. বহিপীর খোদাকে কীসের মালিক বলেছেন? ১

খ. 'অত ভাবলে কি কেউ পালাতে পারে' তাহেরা কেন বলেছিল? ২

গ. উদ্দীপকে বর্ণিত গ্রামের মানুষগুলোর কার্যক্রমে বহিপীর নাটকে প্রতিফলিত সমাজের কোন চিত্রকে ইঙ্গিত করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে সাজিদ চরিত্রটি বহিপীর নাটকের বহিপীরের মতো ধর্ম ব্যবসায়ী নয়। বিশ্লেষণ করো। ৪

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলা প্রথম পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা বিষয় কোড: ১ ০ ১

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. 'তিমির শব্দের অর্থ কী?
ক বেড়ি খ নিঃস্ব
গ ত্রুটিপূর্ণ ঘ অন্ধকার

২. 'মমতাদি' গল্পের উৎস কী?
ক সরীসৃপ খ জননী
গ অহিংস ঘ চতুষ্কোণ

৩. 'উপেক্ষিত শক্তি' কথাটিতে লেখক কাদের ইঙ্গিত করেছেন?
ক দরিদ্র মেহনতি মানুষ
খ নিরক্ষর বৃহৎ জনগোষ্ঠী
গ কর্মজীবী মানুষের দল
ঘ নিম্নবর্ণের সাধারণ ব্যক্তি

নিচের উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:
আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে এই বাংলায় হয়তো মানুষ নয়- হয়তো বা শঙ্খচিল শালিকের বেশে'।

৪. উদ্দীপকটি 'প্রাণ' কবিতার কোন দিক প্রকাশ পেয়েছে?
ক সৌন্দর্যপ্রিয়তা খ অমরত্ব প্রত্যাশা
গ স্বদেশচেতনা ঘ কর্মের প্রেরণা

৫. উক্ত দিকের কারণে কবি কণ্ঠে ধ্বনিত হয়েছে-
i. মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে
ii. নব নব সংগীতের কুসুম ফুটাই
iii. তোমার মাঝখানে লভি যেন ঠাঁই
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৬. কবীর চৌধুরীর জন্ম কত সালে?
ক ১৯২৩ খ ১৯২৪
গ ১৯২৫ ঘ ১৯২৬

৭. 'সাহিত্যের রূপ ও রীতি' রচনায় লেখক কোন চেষ্টা করেছেন?
ক সাহিত্যের ইতিহাস জানানোর
খ সাহিত্যের গুরুত্ব উপস্থাপনের
গ সাহিত্য সংস্কৃতি বর্ণনা দেবার
ঘ সাহিত্য শাখার পরিচয় প্রদানের

৮. 'ভাবিলাম হায়, আর কী কোথায় ফিরে পাব সে জীবন'- চরণে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিক ফুটে উঠেছে?
ক স্বদেশ চেতনা খ স্বাজাত্যবোধ
গ স্মৃতিকাতরতা ঘ প্রকৃতিপ্রেম

৯. পরিচয় না দিলেও ঈশ্বরী পাটুনী দেবীকে চিনতে পারে-
ক বর প্রদান করায়
খ সেউতী সোনা হওয়ায়
গ স্বামীর নাম না বলায়
ঘ কর্মের বিবরণ দেওয়ায়

১০. নিচের কোন ব্যক্তিটি স্বাধীন বাংলা বেতারের সংবাদ পাঠক?
ক হাসান ইমাম খ অজিত রায়
গ আলমগীর কবির ঘ ইন্দ্রমোহন রাজবংশী

১১. কোন শতকে তৎসম শব্দ বাঙলাভাষাকে তার রাজ্যে পরিণত করে?
ক ষোল খ সতের
গ আঠার ঘ উনিশ

১২. কোনটি দেখে কবি মানুষকে ভবিষ্যতে নির্ভর করতে নিষেধ করেছেন?
ক বাহ্যদৃশ্য খ মনোহর মূর্তি
গ নিশার স্বপ্ন ঘ ভবের উন্নতি

১৩. 'অমর অলয়' কথাটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক স্থায়ী গৃহ খ কর্মের জগৎ
গ স্থায়ী কীর্তি ঘ কর্মের প্রেরণা

নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:
গোয়ালঘরে ঢোকা সাপ গরুকে যাতে না কাটে সে জন্য লাঠি হাতে ঢোকে মানুষ। কী আশ্চর্য। ওই তের বছরের ছেলে একাই সাত হাত লম্বা একটা বিষধর সাপ মেরে লাটিতে পেঁচিয়ে বের হয়ে এল। অথচ কেউ সে ঘরে ঢুকতে সাহস পাচ্ছিল না।

১৪. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দৃশ্যের সাদৃশ্য প্রকট হয়েছে?
ক মা-বাবা ভাই বোনের মৃত্যুর সময়েও বুধার ভয় না পাওয়া
খ মিলিটারিদের বাঙ্কারে সফলভাবে মাইন পুঁতে বেরিয়ে আসা
গ আহাদ মুন্সির সামনাসামনি পড়ে নির্ভয়ে এগিয়ে যাওয়া
ঘ গ্রামের স্কুলে মিলিটারিদের ক্যাম্পে পেয়ারা নিয়ে যাওয়া

১৫. সাদৃশ্যপূর্ণ দিকের কারণেই বুধা—
i. আহাদ মুন্সির বাড়ি পোড়াতে পারে
ii. রাজকার কমান্ডারের বাড়িতে আগুন দিতে পারে
iii. মতিউরের সাথে তর্কে জড়াতে দ্বিধা করে না
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. ঝর্ণা কার আশাতে এগিয়ে চলে?
ক তৃষ্ণার্ত খ সৌন্দর্যপিপাসু
গ সংগীতভক্ত ঘ কৌতূহলী

১৭. অন্ধবধূটি তার প্রতিবন্ধকতা জয়ে সচেষ্ট হয়েছে কীসে?
ক স্বজনদের দরদে খ স্বামীর প্রেরণায়
গ ইন্দ্রিয় অনুভূতিতে ঘ অর্জিত জ্ঞানে

১৮. 'আমার চক্ষে পুরুষ রমণী কোনো ভেদাভেদ নাই'- কবির কোন চেতনা 'মানুষ' কবিতায় প্রতিফলিত হয়েছে—
ক সাম্যবাদিতা খ সহমর্মিতা
গ ন্যায়পরায়ণতা ঘ কর্তব্যনিষ্ঠা

১৯. 'এশিরিয়া ধুলো আজ' কথাটিতে কবি কোনটিকে বুঝিয়েছে?
ক প্রকৃতি চিরন্তন খ সভ্যতা ক্ষণস্থায়ী
গ জীবন গতিশীল ঘ সময় বহমান

http://teachingbd.com

২০. কবি ফররুখ আহমদের দৃষ্টিতে মেঘে মেঘে সওয়ার হয়েছে—
ক) বর্ষণের সুর খ) কাজল ছায়া
গ) বিদ্যুৎ রূপসী পরি ঘ) দিক দিগন্তের আভা

২১. 'সাক্ষী' শব্দটি ব্যবহার করে 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কবি কোনটির প্রতি জোর দিয়েছেন?
ক) সকল মানুষের প্রতি টান
খ) স্বভাষার প্রতি নিজের দরদ
গ) প্রকৃতির মাঝে আপন সত্তা
ঘ) স্বদেশের সাথে নিজ সম্পর্ক

২২. মোল্লাবাড়ির নরবড়ে খুঁটি ধরে কে দাঁড়িয়ে আছে?
ক) অনাথ কিশোরী খ) এক বিধবা
গ) তেজি তরুণ ঘ) জোয়ান কৃষক

২৩. 'পল্লিজননী' কবিতায় মা সন্তানের বহু আবদার পূরণ করতে পারেনি?
ক) শঙ্কায় খ) হতাশায়
গ) অর্থাভাবে ঘ) মনঃকষ্টে

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:**
বয়সের ফারাক দ্বিগুণ হলেও মা-বাবার পছন্দের পাত্র বৃদ্ধ হারেজ মাতবরকে বিয়ে করে সখিনা। ভাবে, বিয়ে সংসার ভাগ্যের লিখন। তাছাড়া মাতবরকে বিয়ে করলে গরিব পিতার জমিটা ছাড়াতে বন্ধকির টাকাও হারেজ নেবে না।

২৪. উদ্দীপকের সখিনার সাথে 'বহিপীর' নাটকের তাহেরার সাদৃশ্য কোথায়?
ক) মনোভাবে খ) বয়সে
গ) অবস্থানে ঘ) বিশ্বাসে

২৫. উদ্দীপকের হারেজ মাতবরকে 'বহিপীর' নাটকের বহিপীরের কাতারে নেওয়া যায় যে বিবেচনায় তা হলো উভয়েই—
i. স্বার্থবাদী ii. কৌশলী
iii. ধর্মান্ধ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬. মিঠুর মাকে বুধা কী বলে ডাকে?
ক) ফুফু খ) চাচি
গ) খালা ঘ) কাকি

২৭. 'একসাথে আছি, একসাথে বাঁচি' কথাটি কবির—
ক) সাম্যের খ) ঐক্যের
গ) শৌর্যের ঘ) প্রতিবাদের

২৮. তেমন সামর্থ্য না থাকলেও অনাহারে থাকা প্রতিবেশীকে সাথে নিয়ে নিজের খাবার ভাগ করে খায় কুদ্দুস মিয়া। উদ্দীপকের কুদ্দুস মিয়াকে 'বহিপীর' নাটকের হাতেম চরিত্রের সাথে মেলানো যায় কোন দিক থেকে?
ক) মানবিকতায় খ) বিচক্ষণতায়
গ) স্বার্থহীনতায় ঘ) স্নেহশীলতায়

২৯. 'আমি যার- তার কাছে হাত পাতি না' বুধা কথাটি আহাদ মুন্সিকে কেন বলেছিল?
ক) প্রতিশোধ নিতে খ) অপমান করতে
গ) দুঃসাহস দেখাতে ঘ) বিদ্বেষ প্রকাশে

৩০. 'বহিপীর' নাটকের সর্বশেষ সংলাপটি কার?
ক) খোদেজার খ) তাহেরার
গ) হাতেমের ঘ) বহিপীরের

৩১. লেখকের দেখা পালামৌ একটি বৃহৎ—
ক) পরগণা খ) শহর
গ) দেশ ঘ) বন্দর

৩২. বরপক্ষ রামসুন্দরের কাছে কত টাকা পণ দাবি করেছিল?
ক) সাত হাজার খ) দশ হাজার
গ) তের হাজার ঘ) ষোল হাজার

৩৩. 'বই পড়া' প্রবন্ধের লেখক মনের সতেজতার জন্য কোনটি করতে বলেছেন?
ক) স্বশিক্ষিত হতে খ) সাহিত্যচর্চা করতে
গ) লাইব্রেরি প্রতিষ্ঠা করতে
ঘ) শিক্ষাপদ্ধতি বদলাতে

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও:**
'একটি মাত্র পিরান কাচিয়া শুকিয়নি তাহা বলে,
রৌদ্রে ধরিয়া বসিয়া আছে গো খলিফা আঙিনা তলে'

৩৪. উদ্দীপকে 'মানুষ মুহাম্মদ (স.)' প্রবন্ধের হযরত মুহাম্মদ (স.) চরিত্রের কোন বৈশিষ্ট্যের প্রতিফলন ঘটেছে?
ক) ক্ষমাশীলতা খ) অনাড়ম্বরতা
গ) মানবিকতা ঘ) বিচক্ষণতা

৩৫. উল্লিখিত বৈশিষ্ট্যের কারণে মহানবী (স) —
i. স্বেচ্ছায় দারিদ্র্যের কন্টক মুকুট পরিধান করেছিলেন
ii. নিজেকে দশজনের একজন গণনা করেছিলেন
iii. নিঃস্ব কাঙালের বেশে মৃত্যুর দেশে চলে গিয়েছিলেন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৬. করুণ কেরানি কাদেরকে বলা হয়েছে?
ক) আবেগে করুণ খ) স্বভাবে করুণ
গ) করুণভাবে জীবনযাপনকারী
ঘ) করুণ চাকরিজীবী

৩৭. 'আম আঁটির ভেঁপু' গল্পের দুর্গা চরিত্রটির বৈশিষ্ট্য কোনটি?
ক) লোভী মানসিকতা খ) চঞ্চলতা
গ) একরোখা ঘ) কপটতা

৩৮. মুসলমান বলে গফুর যাতে স্পর্শ করতে না পারে, এ জন্য ব্রাহ্মণ তর্করত্ন দু'পা পিছিয়ে গেলেন। তর্করত্ন চরিত্রটি 'অভাগীর স্বর্গ' গল্পের কোন চরিত্রের সদৃশ্য?
ক) ঠাকুরদাস মুখয্যে খ) রসিক দুলে
গ) অধর রায় ঘ) ঈশ্বর নাপিত

৩৯. নিমগাছের সাথে লক্ষ্মীবউটাকে মেলানো যায়—
ক) মমত্ববোধে খ) পরোপকারিতায়
গ) নিরহংকারে ঘ) অসহায়ত্বে

৪০. আমরা সকলেই কবি। কারণ—
ক) সব বাঙালি কবিতা লিখতে জানে
খ) বাঙালির মধ্যে কাব্যভাব বেশি
গ) সব বাঙালি নিজেকে কবি মনে করে
ঘ) সব বাঙালি কবিতা লিখতে চেষ্টা করে

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ক | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ঘ | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | গ |
| ২১ | গ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | খ | ৩৩ | খ | ৩৪ | খ | ৩৫ | ক | ৩৬ | খ | ৩৭ | খ | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | ঘ |

http://teachingbd.com